

নিয়োগ বিজ্ঞপ্তি


পার্বত্য চট্টগ্রামভিত্তিক আর্থ-সামাজিক উন্নয়ন সংস্থা “মোনঘর” কর্তৃক বাস্তবায়নাধীন ও “মানুষের জন্য ফাউন্ডেশন”-এর অর্থায়নে পরিচালিত ISEDMC- Phase-II এবং সংস্থার নিজস্ব অর্থায়িত আয়বর্ধক প্রকল্পে নিম্নলিখিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আর্থী প্রার্থীগণের নিকট হতে জরুরী ভিত্তিতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	কাজ ও দায়িত্বাবলী
০১.	মাতৃভাষা প্রশিক্ষক (চাকমা, মারমা ও ত্রো)	০৩	প্রকল্পে প্রদেয় বেতন ও অন্যান্য সুবিধাদি	- সংশ্লিষ্ট কাজে ১-২ বছরের বাস্তবভিত্তিক অভিজ্ঞতা থাকতে হবে, - প্রার্থীকে অবশ্যই যেকোন স্বীকৃত কলেজ হতে এইচ, এস, সি পাস হতে হবে, - কম্পিউটার পরিচালনায় (বাংলা ও ইংরেজি) পারদর্শী হতে হবে।	-মোনঘর বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য মাতৃভাষায় (চাকমা, মারমা ও ত্রো) নিয়মিত পাঠদান করা - পাঠ পরিকল্পনা তৈরী করা, - শিক্ষার্থীদেরকে জাতীয় কারিকুলাম অনুযায়ী পরীক্ষা গ্রহন করা, - সংশ্লিষ্ট প্রকল্পের সমন্বয়কারী নিকট তার কাজের অগ্রগতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং জমা প্রদান করবেন।
০২.	সংগীত শিক্ষক	০৩	প্রকল্পে প্রদেয় বেতন ও অন্যান্য সুবিধাদি	- যেকোন স্বীকৃত সংগীত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষন প্রাপ্ত হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২ বছরের বাস্তবভিত্তিক অভিজ্ঞতা থাকতে হবে, - আদিবাসী ও স্থায়ী বাসিন্দার মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে, - পার্বত্য এলাকার বসবাসরত আদিবাসী জনগোষ্ঠীর সংগীত ও সংস্কৃতি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।	- কোমলমতি ছাত্রছাত্রীদেরকে সংগীতের তাত্ত্বিক ও প্রায়োগিক বিষয়ে প্রশিক্ষন প্রদান করা, - বাদ্যযন্ত্র পরিচিতি ও ব্যবহার বিধি সম্পর্কে অবহিত করা, -সংগীত বিভাগের যাবতীয় বাদ্যযন্ত্র ও সরঞ্জামাদি সংরক্ষন ও তত্ত্বাবধান নিশ্চিত করা, - সংস্থার বিশেষ বিশেষ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান ব্যবস্থাপনা ও প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা, - শিক্ষার্থীদেরকে বিভিন্ন স্থানীয়, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহন দক্ষ করে তোলা - তিনি সংশ্লিষ্ট প্রকল্পের সমন্বয়কারীর নিকট মাসিক ভিত্তিতে তার কাজের কর্মপরিকল্পনা এবং অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন ও জমা দিবেন।
০৩.	লাইফ স্টক সুপারভাইজার (আয়বর্ধক কর্মসূচী)	০১	আলোচনা সাপেক্ষে	-যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে পশুপালন বিষয়ে ডিপ্লোমা থাকতে হবে, -সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২ বছরের বাস্তবভিত্তিক অভিজ্ঞতা থাকতে হবে, -প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় (বাংলা ও ইংরেজি) পারদর্শী হতে হবে, - অতিরিক্ত যোগ্যতা সম্পন্ন / সংশ্লিষ্ট কাজে অবসরপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	- সংস্থার মৎস্য, হাঁসমুরগী এবং গরু পালন বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা, - সংশ্লিষ্ট কাজের কর্মীদের পরিচালনা ও প্রয়োজনীয় পরামর্শ দান করা, - পশুপালনের মাধ্যমে সংস্থার প্রাণিজ খাদ্য চাহিদা পরিপূরন এবং আয়ের সুব্যবস্থা করা, - পশুপালন কাজে ব্যবহার্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংরক্ষন ও তত্ত্বাবধান করা, - তিনি সংশ্লিষ্ট প্রকল্পের সমন্বয়কারী নিকট দায়বদ্ধ থাকবেন এবং তার কাজের কর্মপরিকল্পনা ও কাজের অগ্রগতি প্রতিবেদন তৈরী ও জমা প্রদান করবেন।
০৪	এগ্রিকালচার সুপারভাইজার (আয়বর্ধক কর্মসূচী)	০১	আলোচনা সাপেক্ষে	-যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কৃষি বিষয়ে ডিপ্লোমা থাকতে হবে, -সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২ বছরের বাস্তবভিত্তিক অভিজ্ঞতা থাকতে হবে,	- সংস্থার পতিত জায়গাসমূহ চাষাবাদের আওতায় আনা এবং বিভিন্ন প্রকার সজি চাষের উদ্যোগ গ্রহন করা, - আবাসিক ছাত্রছাত্রীদের তাত্ত্বিক কৃষি

			<p>-প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় (বাংলা ও ইংরেজি) পারদর্শী হতে হবে, - অতিরিক্ত যোগ্যতা সম্পন্ন / সংশ্লিষ্ট কাজে অবসরপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।</p>	<p>শিক্ষার পাশাপাশি ব্যবহারিক কৃষি শিক্ষার সুবন্দোবস্ত করা, - উৎপাদিত কৃষিপণ্য আহরণ, মজুদকরণ এবং বিলিভক্টনের ব্যবস্থা করা, - কৃষি কাজে ব্যবহার্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংরক্ষণ ও তত্ত্বাবধান করা, - উদ্ধৃত্ত কৃষিপণ্য বাজারজাতকরণের ব্যবস্থা করা, - তিনি সংশ্লিষ্ট প্রকল্পের সমন্বয়কারীর নিকট দায়বদ্ধ থাকবেন এবং তার কাজের কর্মপরিকল্পনা প্রণয়ন ও জমা প্রদান করবেন।</p>
--	--	--	--	--

শর্তাবলী:-

- আগ্রহী প্রার্থীগনকে সাম্প্রতিক তোলা দুইকপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবিসহ পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র বরাবরে, নির্বাহী পরিচালক, মোনঘর, রাঙ্গাপানি, রাঙ্গামাটি পার্বত্য জেলা -এর নিকট আগামী ১২.০৭.২০১১ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতা এবং কর্মঅভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং উভয় পরীক্ষার তারিখ, সময় এবং স্থান মোবাইল/ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনকারী প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- কৃতকার্য প্রার্থীকে নিয়োগদানের ক্ষেত্রে মোনঘর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হতে হবে। কোন প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গন্য করা হবে।
- প্রার্থীগনকে আবেদনপত্রে তাদের নিজেদের যোগাযোগের মোবাইল / ফোনের নম্বর লিখে জমা দিতে হবে।



নির্বাহী পরিচালক
মোনঘর, রাঙ্গাপানি, রাঙ্গামাটি
পার্বত্য জেলা।